

৫৬ ব্যাচ ক্যাডেট হিসেবে নির্বাচিত প্রার্থীদের ভর্তির নির্দেশনাবলী।

১। নৌপরিবহন মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক ওয়েবসাইটে প্রকাশিত ফলাফল অনুযায়ী বাংলাদেশ মেরিন একাডেমির জন্য ৫৬ ব্যাচে নির্বাচিত ১৬০ জন পুরুষ ও ১৬ জন মহিলা এবং অন্যান্য ০৪ টি মেরিন একাডেমির জন্য নির্বাচিত ৪ x ৫০ জন পুরুষ প্রার্থী আগামী ০৪/০২/২০২০ খ্রি: তারিখ (সরকারি ছুটি ব্যতিত) বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত ভর্তি হতে পারবে।

২। একাডেমিতে ০২ বছর মেয়াদী প্রাক-সমুদ্র প্রশিক্ষণে প্রযোজ্য ফি =৯৯,৯২০/- টাকা ব্যয় হবে। এর মধ্যে ভর্তি কালীন সময় ভর্তি ফি হিসেবে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জমা দিতে হবে। বাকী =৪৯,৯২০/- টাকা ২য় বৎসরে ৩১ জানুয়ারি ২০২১ এর মধ্যে পরিশোধ করতে হবে।

৩। যে সকল প্রার্থী বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম-এর জন্য মনোনীত হয়েছেন তারা সোনালী ব্যাংক-এর যে কোনো শাখা থেকে কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ভর্তিকালীন ও পরবর্তী টাকা/ফি পরিশোধ করতে হবে। যে সকল প্রার্থী বরিশাল, পাবনা, সিলেট ও রংপুর মেরিন একাডেমিতে মনোনীত হয়েছেন তারা সোনালী ব্যাংক-এর যে কোনো শাখা থেকে স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান (যেমন: (ক) কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, বরিশাল; (খ) কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, পাবনা; (গ) কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, সিলেট; (ঘ) কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, রংপুর) এর অনুকূলে পে-অর্ডার করে, উক্ত পে-অর্ডারসহ নিম্নলিখিত সদনপত্র নিয়ে বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামে ভর্তির জন্য আসতে হবে।

৪। ভর্তি হওয়ার সময় নিম্নোক্ত মূল সনদ ও নম্বরফর্দ জমা দিতে হবে।

ক) মাধ্যমিক পরীক্ষার মূল সনদ ও নম্বরফর্দ	- প্রত্যেকটির ০২ টি ফটোকপিসহ
খ) উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল সনদ ও নম্বরফর্দ	- প্রত্যেকটির ০২ টি ফটোকপিসহ
গ) জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি	- ০২ কপি
ঘ) অবিবাহিত প্রমাণের সনদপত্র (মূল)	- ০১ কপি
ঙ) পিতা/মাতা/অভিভাবকের আয়ের সনদপত্র	- ০১ কপি
চ) পাসপোর্ট সাইজের ছবি	- ০৪ কপি

৫। একাডেমিতে প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্তে (১) মূল আবেদন ফরম (Main Application Form); (২) “ইনডেমনিটি বন্ড নমুনা Annex-A” (তিনশত টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্প); এবং (৩) ০২ বছর প্রশিক্ষণের ব্যয়ভার বহনের সামর্থ্যের অনুকূলে পিতা/আইনানুগ অভিভাবকের অঙ্গীকার নামা; ভর্তির দিন প্রদান করা হবে। ফরম সমূহ যথাযথভাবে পূরণ করে একাডেমিতে যোগদানের সময় জমা দিতে হবে (যোগদানের তারিখ পরবর্তীতে জানানো হবে)।

৬। অভিভাবকের মধ্যে চাকুরিরতদের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর থেকে আয়কর সনদ/আয়কর রিটার্ন অথবা অফিস প্রধান কর্তৃক আয়ের প্রত্যয়নপত্র এবং অন্যান্য অভিভাবকদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়ন পরিষদ কর্তৃপক্ষ থেকে প্রদত্ত বাৎসরিক আয়ের সনদপত্র দাখিল করতে হবে।

৭। একাডেমির ০২ বছর মেয়াদী প্রাক-সমুদ্র প্রশিক্ষণ সফলভাবে সমাপ্তির পর জাহাজে চাকুরী প্রাপ্তির দায়িত্ব প্রার্থীর নিজের। অত্র প্রতিষ্ঠান এ বিষয়ে দায়বদ্ধ নয়।

স্বা:
কমান্ড্যান্ট
বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম